# এক ঝলকে ই-ইনভয়েসিং

## ই-ইনভয়েসিং কী

সিজিএসটি রুল 48(4) অনুযায়ী, বিজ্ঞাপিত শ্রেনীর রেজিস্টার্ড ব্যক্তিদের ( 2017-18 সালের পরের কোনও পূর্ববর্তী অর্থবর্ষে যাদের এগ্রিগেট টার্নওভার বিধিবদ্ধ সীমার থেকে বেশী) ইনভয়েস রেজিস্ট্রেশন পোর্টালে ( IRP ) FORM GST INV-01 –এ নির্দিষ্ট বিবরণ আপলোড করে ইনভয়েস তৈরী করা এবং ইনভয়েস রেফারেন্স নম্বর (IRN) সংগ্রহ করা বাধ্যতামূলক।

উপরোক্ত "ই-ইনভয়েসিং" পদ্ধতি অবলম্বন করে পাওয়া এবং অন্যান্য বিবরণীর সঙ্গে QR কোড সহ IRN যুক্ত ইনভয়েস যা বিজ্ঞাপিত (নোটিফায়েড) সরবরাহকারী (সাপ্লায়ার) ক্রেতাকে দেয়, তাকেই জিএসটিতে সাধারণভাবে "ই-ইনভয়েস" বলা হয়।

রুল 48(5) অনুযায়ী, যদি কোনও বিজ্ঞাপিত ব্যক্তি রুল 48(4) এ বর্ণীত উপায় ব্যতিরেকে অন্য কোনও উপায়ে ইনভয়েস ইস্যু করেন তাহলে সেই নথী "ইনভয়েস" হিসাবে পরিগণিত হবে না।

ই-ইনভয়েসের প্রমাণ বিন্যাস (ফর্ম্যাট) "INV-01" নামে বিজ্ঞাপিত হয়েছে। এই বিন্যাস ( 'স্কীমা' নামে পরিচিত) একটি সংহত বৈদ্যুতিন বিন্যাসের মাধ্যমে সরবরাহকারী ও ক্রেতার অ্যাকাউন্টিং সিস্টেমে ইনভয়েসের অবাধ গমনাগমনের সুবিধা দেয়।

## ই-ইনভয়েসিং – প্রসেস ফ্লো

আজকের দিনে বেশীরভাগ ব্যবসায়ী ইনভয়েস তৈরী ও নিয়ন্ত্রণ করতে কোনও একটি অ্যাকাউন্টিং/ বিলিং/ ই আর পি সিস্টেম ব্যবহার করেন। এই ইনভয়েসগুলি (JSON ফর্ম্যাটে) এখন ***'Invoice Registration Portal (IRP)'*** এ রিপোর্ট করতে হবে। IRP এই ডিজিট্যালি সাক্ষরিত ইনভয়েসকে (JSON এ) একটি ইউনিক '***Invoice Reference Number (IRN)'*** ও QR কোড সহ ফেরত দেয়।

অর্থাৎ, ব্যবসায়ীর অ্যাকাউন্টিং/ ই আর পি সিস্টেম এবং সরকারী ই-ইনভয়েস সিস্টেম ইনভয়েসের তথ্য আদানপ্রদান করার জন্য পরস্পরের সঙ্গে সংযোগ রাখবে। API এর মাধ্যমে এই সব মেশিন থেকে মেশিনে তথ্যের আদানপ্রদান এবং IRN উৎপাদন এক লহমায় সম্পন্ন হয়।

### API ইন্টিগ্রেশনের সম্ভাব্য প্রণালীগুলি নীচে দেওয়া হলঃ

1. **'Companies having direct access to APIs' এর মাধ্যমে:** যদি করদাতার কোনও টাই-আপ থাকে কিংবা 'Company which has direct access to APIs' –র ERP ব্যবহার করেন, তাহলে তিনি ওই কোম্পানির মাধ্যমে API করতে পারেন। করদাতা (ট্যাক্সপেয়ার) নিজের


ইউজার নাম ও পাসওয়ার্ড জেনারেট করবেন এবং ওই কোম্পানির **Client ID** ও **Client Secret** ব্যবহার করে সরাসরি API অ্যাক্সেস করতে পারবেন।

2. **যে সমস্ত করদাতার ই-ওয়েবিল API অ্যাক্সেস আছেঃ** যদি করদাতার ই-ওয়েবিল API গুলিতে সরাসরি অ্যাক্সেস থাকে তবে তিনি সেই **Client ID, Client Secret,** ইউজার নাম ও পাসওয়ার্ড ব্যবহার করে ই-ইনভয়েস সিস্টেম অ্যাক্সেস করতে পারবেন।
3. **GSP র মাধ্যমেঃ** করদাতা নিজের ইউজার নাম ও পাসওয়ার্ড জেনারেট করবেন এবং **GSP** দের সঙ্গে টাই-আপ করবেন যাতে ওই **GSP** দের **Client ID** ও **Client Secret** ব্যবহার করে সরাসরি API অ্যাক্সেস করতে পারেন।
4. **ERP র মাধ্যমেঃ** করদাতা নিজের ইউজার নাম ও পাসওয়ার্ড জেনারেট করবেন এবং **ERP** দের সঙ্গে টাই-আপ করবেন যাতে ওই **ERP** দের **Client ID** ও **Client Secret** ব্যবহার করে সরাসরি API অ্যাক্সেস করতে পারেন।

কিছু কিছু ব্যবসায়ীর নিজস্ব ERP/ অ্যাকাউন্টিং সফটওয়্যার নাও থাকতে পারে কিংবা খুব কম সংখ্যক ইনভয়েস রিপোর্ট করতে হতে পারে। তাঁরা ই-ইনভয়েস পোর্টাল থেকে অফলাইন ইউটিলিটি ('bulk generation tool') ডাউনলোড করতে পারেন । এটি ব্যবহার করে সহজেই IRP তে ইনভয়েসের তথ্য আপলোড করে IRN জেনারেট করা যাবে। যদিও পোর্টাল 'মেশিন-রিডেবেল' ইনভয়েস JSON ফর্ম্যাটে ফিরিয়ে দেয়, ইনভয়েসের 'হিউম্যান-রিডেবেল' PDF কপি জেনারেট করার সুবিধাও আছে (save/print/e-mail ইত্যাদির জন্য)।

IRN সংগ্রহের পর QR Code সহ ইনভয়েসটি গ্রহিতাকে (রেসিপিয়েন্ট) এখনকার মতই ইস্যু করা যেতে পারে। (*বি.দ্র. সিস্টেম থেকে সিস্টেমে ই-ইনভয়েস গমনাগমন করার জন্য একটি সংহত ব্যবস্থা শীগ্রই উপলব্ধ করা হবে।*)

### ই-ইনভনয়েসিং-এর বিশদ প্রবাহ নীচে দেওয়া হলঃ



## সুবিধাসমূহ




## অন্তর্ভুক্ত নথী/সরবরাহঃ

| অন্তর্ভুক্ত নথী | অন্তর্ভুক্ত সরবরাহ |
|---|---|
| ইনভয়েস<br><br>ক্রেডিট নোট<br><br>ডেবিট নোট | রেজিস্টার্ড ব্যক্তিকে সরবরাহ (B2B)<br><br>এসইজেডকে সরবরাহ (কর প্রদান ক'রে/ না ক'রে)<br><br>রফতানি (কর প্রদান ক'রে/ না ক'রে)<br><br>ডিম্‌ড রফতানি<br><br>*__বি.দ্র:__ বর্তমানে B2C ইনভয়েস অন্তর্ভুক্ত নয়* |

## ই-ইনভনয়েসিং-এর উপযোগিতাঃ

| কোথায় উপযোগী | কোথায় উপযোগী নয় |
| --- | --- |
| - 2017-18 সালের পরের কোনও পূর্ববর্তী অর্থবর্ষে যাদের এগ্রিগেট টার্নওভার (PAN নির্ভর) বিধিবদ্ধ সীমার থেকে বেশী সে সমস্ত রেজিস্টার্ড ব্যক্তির জন্য<br>- GSTIN সম্বলিত পণ্য/ পরিষেবা সরবরাহকারী/ টিডিএস ডিডাক্টার হিসাবে গণ্য সরকারী দপ্তরকে সরবরাহ<br>- একই PAN সম্বলিত দুটি ভিন্ন GSTIN -এর ভিতর পারস্পরিক ইস্যুকরা ইনভয়েস<br>- SEZ ডেভলেপার কর্তৃক ইস্যু করা ইনভয়েস<br>- বিজ্ঞাপিত ব্যক্তি কর্তৃক ইস্যু করা সেই সকল ইনভয়েস যার ক্ষেত্রে ধারা 9(3) তে রিভার্স চার্জ প্রযোজ্য | - **ই-ইনভয়েস থেকে অব্যহতি প্রাপ্ত সত্তা/বিভাগঃ**<br>স্পেশাল ইকনমিক জোন ইউনিট (FTWZ সহ), বীমাকারী বা বাঙ্কিং কম্প্যানী বা নন-বাঙ্কিং আর্থিক প্রতিষ্ঠানসহ আর্থিক প্রতিষ্ঠান, সড়কপথে পণ্যবাহী গাড়ীতে পণ্য পরিবহণ পরিষেবা দানকারী গুডস ট্রান্সপোর্ট এজেন্সী, যাত্রী পরিবহণ পরিষেবা দানকারী, মাল্টিপ্লেক্সে সিনেমা প্রদর্শনের জন্য প্রবেশের পরিষেবা দানকারী (*বি.দ্র.: এই অব্যহতি একটি সত্তার জন্য প্রযোজ্য, সরবরাহ/ লেনদেনের প্রকৃতির জন্য নয়)*<br>- NIL-রেটেড বা সম্পূর্ণ করমুক্ত সরবরাহ<br>- ফিন্যান্‌শিয়াল/কমার্শিয়াল ক্রেডিট নোট<br>- ইনপুট সার্ভিস ডিস্ট্রিবিউটর (ISD) কর্তৃক ইস্যু করা ইনভয়েস<br>- হাইসিজ সেল এবং বন্ডেড ওয়্যারহাউজ সেল<br>- যে সমস্ত সরকারী দপ্তরের জিএসটি রেজিস্ট্রেশন নেই, সেই দপ্তরকে সরবরাহ (সাপ্লাই)<br>- যেখানে বিজ্ঞাপিত ব্যক্তি নিম্নলিখিত সরবরাহ গ্রহণ করেন- (i) আনরেজিস্টার্ড ব্যক্তির কাছ থেকে যেখানে ধারা 9(4) অনুযায়ী রিভার্স চার্জ প্রযোজ্য বা (ii) পরিষেবা আমদানির ক্ষেত্রে |

## প্রধান বৈশিষ্ট্যসমূহঃ

IRP ভ্যালিডেশন পোর্টালের মধ্যদিয়ে যাওয়ার একটি পথমাত্র। IRP তে কিছু গুরুত্বপূর্ণ ক্ষেত্র ভ্যালিডেশন করা হবে। সুতরাং IRN তাৎক্ষনিকভাবে মাত্র 200 মিলিসেকেন্ডেরও কম সময়ে

জেনারেট হবে। একসঙ্গে অনেক আপলোড করার সুবিধা দিতে সার্ভারটি বিপুল ক্ষমতা সম্পন্ন করা হয়েছে । তাছাড়া ইনভয়েস রেগিস্ট্রেশনের ভার কমাতে বহু সংখ্যক IRP থাকছে ।

IRP তে ই-ইনভয়েস রিপোর্ট করার সময় সরবরাহকারীর সহি (ডিএসসি ) লাগবে না ।

ই-ইনভয়েস স্কীমায় কেবলমাত্র 29 টি ফিল্ড আবশ্যকীয় । বাকী সব ঐচ্ছিক ।

যেখানে ই-ইনভয়েসিং প্রযোজ্য সেখানে ইনভয়েসের ট্রিপ্লিকেট/ ডুপ্লিকেট ইস্যু করার প্রয়োজন নেই [রুল 48(6)] ।

যেখানে ই-ইনভয়েসিং প্রযোজ্য সেখানে পণ্য পরিবহনের সময় ইনভয়েসের ছাপানো কপি বহন করা বাধ্যতামূলক নয় । রুল 138A(2) অনুযায়ী, যেখানে ই-ইনভয়েসিং প্রযোজ্য, *“the Quick Response (QR) code having an embedded Invoice Reference Number (IRN) in it, may be produced electronically, for verification by the proper officer, in lieu of the physical copy of such tax invoice.”*

## ই-ইনভয়েস কী ভাবে যাচাই করা যাবে?

JSON ফাইল বা Signed QR Code (string) ই-ইনভয়েস পোর্টালে নিম্নলিখিত ভাবে আপলোড করে ই-ইনভয়েসের সত্যতা ও সঠিকতা যাচাই করা যাবেঃ
einvoice1.gst.gov.in > ***Search*** > ***‘Verify Signed Invoice’***

বিকল্পরূপে ***“Verify QR Code” mobile app*** –এর মাধ্যমে। অ্যাপটি এই ভাবে ডাউনলোড করা যাবেঃ *einvoice1.gst.gov.in > Help > Tools >* ***Verify QR Code App***

IRP রিপোর্ট করা / IRN জেনারেট করার জন্য IRP –র পে-লোডে ‘document date’ একটি নির্দিষ্ট তারিখের মধ্যে হতে হবে এমন কোনো ভ্যালিডেশন নেই ।

একটি ইনভয়েসে সর্বাধিক 1000 টি লাইন আইটেম রিপোর্ট করা যাবে । ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী এই সুবিধা আরও বাড়ানো হবে ।

সিজিএসটি/এসজিএসটি আইনের 122 ধারা এবং সিজিএসটি/এসজিএসটি রুল –এ জিএসটি আইন/রুল অনুযায়ী ইনভয়েস ইস্যু না করার জন্য জরিমানার ব্যবস্থা আছে ।

**QR Code সম্বলিত ইনভয়েসের মুখ্য বিবরণ :**

a. সরবরাহকারীর GSTIN
b. প্রাপকের GSTIN
c. সরবরাহকারীর প্রদত্ত ইনভয়েস নম্বর

d. ইনভয়েস জেনারেশনের তারিখ
e. ইনভয়েস মূল্যমান (ট্যাক্সেবেল মূল্যমান ও পুরো কর)
f. লাইন আইটেমের সংখ্যা
g. প্রধান আইটেমের HSN Code *(সর্বাধিক ট্যাক্সেবেল মূল্যমানের লাইন আইটেম)*
h. ইউনিক IRN (ইনভয়েস রেফারেন্স নম্বর/হ্যাশ)
i. IRN জেনারেশনের তারিখ

## ই-ইনভয়েসের সংশোধণী/বাতিলকরণঃ

কোন ইনভয়েস আংশিকভাবে বাতিল করা যাবে না । এটি সম্পূর্ণরূপে বাতিল করতে হবে । অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড এবং অন্য প্রযোজ্য নিয়ম অনুযায়ী ইনভয়েস বাতিল করা যেতে পারে ।

IRP তে রিপোর্ট করা একটি IRN/ ইনভয়েস 24 ঘন্টার মধ্যে বাতিল করা যাবে । IRN বাতিল করা হলে GSTR-1 ও সেই "বাতিল" স্টেটাস সহ আপডেটেড হবে । যাইহোক, যদি সংযুক্ত ই-ওয়েবিল সক্রিয় থাকে কিংবা যদি ট্র্যাঞ্জিটে থাকা অবস্থায় কোন অফিসার তা ভেরিফাই করেন তবে সেই IRN বাতিল করা যাবে **না** ।

বাতিলের সময় পার হয়ে যাওয়ার পর IRP তে রিপোর্ট করা ইনভয়েস ডিটেল GST পোর্টালে (GSTR-1 ফাইল করার সময়ে) পরিবর্তন করা যেতে পারে । যদি GSTR-1 ফাইল করা হয়ে থাকে তবে GST আইন অনুযায়ী সংশোধনীর ব্যবস্থা ব্যবহার করে সংশোধন করা যাবে ।

যাই হোক, এই পরিবর্তন প্রপার অফিসারের নজরে আনার জন্য ফ্ল্যাগ করা হবে ।

IRN হল সরবরাহকারীর GSTIN, ডকুমেন্ট নম্বর, ডকুমেন্ট টাইপ ও অর্থবর্ষ-এর উপর নির্ভরশীল একটি অনন্য স্ট্রিং । সুতরাং, একবার IRN বাতিল করা হলে সংশিষ্ট ইনভয়েস নম্বর আর কোনও ই-ইনভয়েস/ IRN জেনারেট করার জন্য ব্যবহার করা যাবে না (এমনকি বাতিল করার নির্দিষ্ট সময়ের মধ্যেও নয় ।

## GSTR-1/2A –এর অটো-পপ্যুলেশন এবং ই-ওয়েবিলের অটো-জেনারেশনঃ

IRP তে সফলভাবে ইনভয়েসের বিবরণী রিপোর্ট করা হলে IRN সহ ইনভয়েস ডেটা (পেলোড) জিএসটি সিস্টেমে সেভ হবে । জিএসটি সিস্টেম সরবরাহকারীর GSTR-1 এবং গ্রহিতার (রিসিভার) GSTR-2A কে অনুরূপভাবে অটো-পপ্যুলেট করবে ।

'ই-ইনভয়েস' রূপে মার্ক করা সোর্সের ক্ষেত্রে GSTR-1 এবং GSTR-2A তে তারিখ সহ IRN দেখা যাবে।

IRP তে ইনভয়েস রিপোর্ট করার সময়ে যদি ই-ওয়েবিলের Part-A ও Part-B-র তথ্য দেওয়া হয় তবে তা ই-ওয়েবিল জেনারেট করার জন্য ব্যবহার করা হবে ।

IRP তে ইনভয়েস রিপোর্ট করার সময়ে যদি ই-ওয়েবিলের Part-B-র তথ্য দেওয়া না থাকে তবে সেই তথ্য IRP লগ ইন এর 'ই-ওয়েবিল" ট্যাবে অথবা ই-ওয়েবিল পোর্টালে দিয়ে ই-ওয়েবিল জেনারেট করা যাবে ।

## মুখ্য ক্ল্যারিফিকেশনসমূহঃ

বর্তমানে ই-ইনভয়েসিং ঐচ্ছিক নয়, অর্থাৎ যে সকল সত্ত্বার (এনটিটি) বিধিবদ্ধ এগ্রিগেট টার্নওভার আছে তারাই কেবলমাত্র IRP তে ইনভয়েস রিপোর্ট করতে পারবেন ।

ইনভয়েসে দেখানো কিছু  চার্জের ক্ষেত্রে জিএসটি প্রযোজ্য, যেমন – ফ্রেট, ইন্স্যুওরেন্স, প্যাকিং ও ফরোয়ার্ডিং চার্জ ইত্যাদি । এগুলিকে একেকটি লাইন আইটেম হিসাবে ইনভয়েস যোগ করা যেতে পারে ।

ইনকাম ট্যাক্স আইন, 1961  অনুযায়ী সরবরাহকারী যদি TCS (ট্যাক্স কালেক্টেড অ্যাট সোর্স) সংগ্রহ করেন তাহলে তা "Other Charges (Invoice Level)" –এ দেখানো যাবে ।

INV-01 স্কীমা কেবলমাত্র IRP তে নির্দিষ্ট ইনভয়েস-বিবরণ রিপোর্ট করার জন্য । একবার পোর্টাল থেকে IRN পেয়ে গেলে ব্যবসায়ী ইনভয়েসটি ক্রেতাকে ইস্যু করার আগে জিএসটি সম্পর্কিত নয় এমন তথ্যাদি যোগ করতে পারবেন ।

জিএসটির অন্তর্ভুক্ত নয় এমন আইটেমের ক্ষেত্রে আলাদা ইনভয়েস ইস্যু করা যেতে পারে, যেমন *একটি হোটেল B2B  ইনভয়েস করছেন যেখানে খাবার ও পানীয় (জিএসটি প্রদেয়)  সরবরাহের সঙ্গে মদ্য জাতীয় পানীয় (জিএসটি –র বাইরে) সরবরাহ হয়েছে* ।

ই-ইনভয়েস পোর্টাল থেকে সহি করা JSON (IRN/QR Code সহ) নেওয়ার পর এবং প্রাপককে ইনভয়েস কপি দেওয়ার সময় সরবরাহকারীর সহি/ডিজিটাল সহি লাগবে কী না তা সিজিএসটি রুল, 2017 এর 46 ধারা নির্ণয় করে ।

এমন কী ই-ইনভয়েসিং এর আমলেও পণ্য পরিবহণের সময় যেখানে ই-ওয়েবিল প্রয়োজন, সেই প্রয়োজনীয়তা একই ভাবে আবশ্যিক ।

***B2C Dynamic QR Code কী ?***

নোটিফিকেশন ক্রমাঙ্ক 14/2020-Central Tax dated 21st March, 2020 (সংশোধিত) অনুযায়ী 2017-18  সালের পরের কোনও পূর্ববর্তী অর্থবর্ষে সে সব সত্ত্বার এগ্রিগেট টার্নওভার 500  কোটি টাকার বেশি ছিল তাদের B2C ইনভয়েসে ডাইনামিক  Quick Response Code (QR Code) থাকা আবশ্যিক । আরও বলা হয়েছে ডিজিটাল

ডিসপ্লের (পেমেন্ট ক্রশ-রেফারেন্স সহ) মাধ্যমে উপলব্ধ করা Dynamic QR code কেও QR code বলে গণ্য করা হবে।

ধারা 48(4) অনুযায়ী ই-ইনভয়েসের সঙ্গে এর কোন যোগাযোগ নেই। ই-ইনভয়েসিং B2B সরবরাহ এবং রফতানির ক্ষেত্রে প্রযোজ্য।

## মুখ্য এফ এ কিউ (FAQs) সমূহঃ

### IRN সংগ্রহ করার জন্য কী আমাকে কোন সরকারী ওয়েবসাইটে ইনভয়েস বিবরণ দিতে হবে?

না। ই-ইনভয়েস দৃশ্যপটে মূলত "মেশিন থেকে মেশিন" –এ ইনভয়েস ডেটা আদানপ্রদানকে গুরুত্ব দেওয়া হয়েছে *(প্রধানত করদাতার সিস্টেম ও IRP* র মধ্যে)।

যদি কোনও ব্যবসায়ীর নিজস্ব ERP/ অ্যাকাউন্টিং সফটওয়্যার না থাকে পারে কিংবা খুব কম সংখ্যক ইনভয়েস রিপোর্ট করতে হতে পারে তাঁরা ডেটা দেওয়ার জন্য এবং IRP তে JSON ফাইল আপলোড করার জন্য ফ্রী অফলাইন টুল ডাউনলোড ও ব্যবহার করে পারবেন।

ভবিষ্যতে ওয়েব মাধ্যম এবং মোবাইল-অ্যাপ সমন্বিত ইন্টারফেস উপলব্ধ করা হবে।

### কোনও বিশেষ সরবরাহকারীকে ই-ইনভয়েস (অর্থাৎ IRN/QR Code সম্বলিত ইনভয়েস) ইস্যু করতে হবে কী না কিভাবে জানা যাবে?

রুল 48(4) অনুযায়ী যথাবিহিত নিয়ম পূরণের পর ই-ইনভয়েস ইস্যু করার দায়িত্ব ( অর্থাৎ *IRP* তে ইনভয়েস ডিটেল দেওয়া, *IRN* সংগ্রহ করা এবং *QR Code* সহ ইনভয়েস ইস্যু করা) সংশ্লিষ্ট করদাতার উপর বর্তায়।

যাই হোক, যে সমস্ত করদাতা 2017-18 সালের পরের কোনও পূর্ববর্তী অর্থবর্ষে বিজ্ঞাপিত টার্নওভারের সীমা লঙ্ঘন করেছেন, তাদের সহায়তার জন্য IRP তে ইনভয়েস রিপোর্ট করার সুবিধা "enabled" করা আছে।

ই-ইনভয়েস পোর্টালে কোনও GSTIN এনেবেল করা আছে কী না তা নিম্নলিখিত ভাবে সার্চ করা যাবেঃ
**https://einvoice1.gst.gov.in/** > **Search** > ***e-invoice status of taxpayer***

জিএসটি সিস্টেমে রিপোর্টকরা GSTR-3B র টার্নওভারের উপর ভিত্তি করে এই লিস্ট করা হয়েছে। সুতরাং এটা বুঝতে হবে যে ই-ইনভয়েস পোর্টালে এনেবেলমেন্ট স্টেটাস হলেই করদাতাকে ই-ইনভয়েসিং করতে হবে তা নাও হতে পারে। কোনও করদাতার ক্ষেত্রে যদি ই-ইনভয়েসিং প্রযোজ্য না হয়, এনেবেলমেন্ট স্টেটাস দেখে তাঁর উৎকণ্ঠার কোনও কারণ নেই – তিনি এটা উপেক্ষা করতে পারেন।

অধিকন্তু, জিএসটি পোর্টালের “Search Taxpayer” / “Know Your Supplier” সেকশন থেকেও কোন করদাতার টার্নওভার স্ল্যাব নির্ণয় করা যেতে পারে।

যদি কোন রেজিস্টার্ড ব্যক্তির ক্ষেত্রে রুল 48(4) অনুযায়ী **ইনভয়েস তৈরী করা বাধ্যতামূলক** হয় কিন্তু পোর্টালে এনেবেল করা না থাকে সে ক্ষেত্রে তিনি পোর্টালে এনেবেলমেন্টের জন্য অনুরোধ করবেনঃ **‘Registration -> e-Invoice Enablement’**.

## ই-ইনভয়েস ইস্যু করার সময় কী ছাপাতে হবে?

| ছাপাতে হবে | ছাপাতে হবে না |
|---|---|
| রুল 46/53 অনুযায়ী IRN যুক্ত QR Code সহ বিবরণী<br><br>**বি. দ্র.:** *ছাপানো QR code যথেস্ট পরিষ্কার হতে হবে যাতে QR code রিডার তা পড়তে পারে। তবে এটা কোথায় প্লেস করা হবে তা ব্যবসায়ীর ইচ্ছানির্ভর।* | অ্যাক্নলেজমেন্ট নম্বর<br><br>অ্যাক্নলেজমেন্ট তারিখ<br><br>IRN<br><br>IRP র দেওয়া ডিজিটাল সহি |

## কোন এলাকায় ইন্টারনেট কানেক্টিভিটি ব্রেকডাউন হলে IRN সংগ্রহ করার ক্ষেত্রে কোনও ছাড় থাকবে কী?

এই রকম বিশেষ পরিস্থিতিতে ছাড় দিতে একটি এলাকাভিত্তিক মেকানিজ্ম থাকছে।

সিজিএসটি রুল 48(4) এর প্রোভাইসো অনুযায়ী, *“...Commissioner may, on the recommendations of the Council, by notification, exempt a person or a class of registered persons from issuance of invoice under this sub-rule for a specified period, subject to such conditions and restrictions as may be specified in the said notification.”*

## রিসোর্স সমূহঃ

API ইন্টিগ্রেশন স্পেসিফিকেশন, ডেভেলপারের দিক থেকে এফ এ কিউ (FAQ) এই লিঙ্কে পাওয়া যাবেঃ https://einv-apisandbox.nic.in/

একটি বিশদ নথী *‘e-invoice - Detailed Overview’* উপলব্ধ আছে।

*GSTN এর YouTube Channel* -এর *‘e-invoice’ play list* এ ই-ইনভয়েসের উপর অনেক সচেতনতামূলক ভিডিও উপলব্ধ আছে।

## হেল্প অপশনগুলিঃ

API/Sandbox/ ই-ইনভয়েস পোর্টাল/Offline Utility/ GSTR-1 এর অটো-পপ্যুলেশন ইত্যাদি টেকনিক্যাল সমস্যা হলে ***GST Self-Service Portal*** এ টিকিট রেইজ করুন।

***e-invoice@gstn.org.in*** -এ যে কোনো ফিডব্যাক বা সাজেশন সর্বদা স্বাগত।

****